# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৬৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ দারিদ্রতা, দুনিয়ার ব্যাপারে অনাগ্রহী হওয়া ও অল্পে তুষ্টি প্রসঙ্গে হাদীস

بَابُ الْفَقْرِ وَالزُّهْدِ وَالْقَنَاعَةِ

---

আরবী

667 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ سَمُرَةَ بْنِ سَهْمٍ قَالَ: نَزَلْتُ عَلَى أَبِي هَاشِمِ بن عتبة بن ربيعة هو مَطْعُونٌ فَأَتَاهُ مُعَاوِيَةُ يَعُودُهُ فَبَكَى أَبُو هَاشِمٍ فقَالَ مُعَاوِيَةُ: مَا يُبْكِيكَ أَيْ خَالِ؟ أَوَجَعٌ أَمْ عَلَى الدُّنْيَا؟ فَقَدْ ذَهَبَ صَفْوُهَا فقَالَ: عَلَى كُلٍّ لَا وَلَكِنْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَهِدَ إِلَيَّ عَهْدًا وَوَدِدْتُ أَنِّي كُنْتُ تَبِعْتُهُ قَالَ: (إِنَّكَ لَعَلَّكَ أَنْ تُدْرِكَ أَمْوَالًا تُقَسَّمُ بَيْنَ أَقْوَامٍ وَإِنَّمَا يَكْفِيكَ مِنْ ذَلِكَ خَادِمٌ وَمَرْكَبٌ فِي سَبِيلِ اللَّهِ) فأدركت وجمعت.
الراوي : أَبُو هَاشِمِ بن عتبة بن ربيعة | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 667 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৬৭. সামুরা বিন সাহম থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আবু হাশিম বিন উতবাহ বিন রাবি‘আহ কাছে গেলাম, এসময় তিনি প্লেগ রোগে আক্রান্ত ছিলেন। মু‘আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু ও তাঁকে দেখতে এসেছিলেন। এসময় আবু হাশিম কেঁদে ফেলেন। তখন মু‘আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু বললেন, “মামা, আপনি কাঁদছেন কেন?” আপনি কি রোগ পীড়ার জন্য কাঁদছেন নাকি দুনিয়ার জন্য কাঁদছেন? দুনিয়ার শেষ্ঠ সময় তো চলেই গিয়েছে!” আবু হাশিম রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “এর কোনটার জন্যই আমি কাঁদছি না। কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছ থেকে একটি অঙ্গিকার নিয়েছিলেন, হায় যদি আমি তাঁর কথা মেনে চলতাম! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেছিলেন, “একটা সময় আসতে পারে, যখন মানুষের মাঝে সম্পদ বন্টন করা হবে, এসবের মাঝে তোমার জন্য একটা খাদেম ও আল্লাহর রাস্তায় একটি বাহনই যথেষ্ট।” সে সময়টা এসেছিল, কিন্তু আমি সম্পদ জমা করেছি।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৮/২১৮; ইবনু মাজাহ: ৪১০৩; মুসনাদ আহমাদ: ৩/৪৪৩; তিরমিযী: ২৩২৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (আল মিশকাত: ৫১৮৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সামুরা ইবন সাহম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89169

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন